

## কন্ট্যাক্ট ট্রেসিং (মেলামেশা করার সূত্র খুঁজে বের করার)-এর ধাপসমূহ

এই তথ্যপাঠটি ব্যাখ্যা করে কিভাবে এনএসডাব্লিউ স্বাস্থ্য বিভাগ করোনা ভাইরাস বা COVID-19 এর বিস্তার ধীর করতে কন্ট্যাক্ট ট্রেসিং ব্যবহার করে

**COVID-19 সহজেই এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তিতে ছড়িয়ে পড়তে পারে।  
কমিউনিটিতে COVID-19 ছড়িয়ে পরতে মাত্র একজন আক্রান্ত ব্যক্তিই যথেষ্ট।**

### কন্ট্যাক্ট ট্রেসিং কি?


যখন কারো COVID-19 ধরা পরে তখন এনএসডাব্লিউ স্বাস্থ্য বিভাগ তাদের জিজ্ঞেস করে যে গত কয়েকদিনে তারা কোথায় ছিল।  
ঐ একই জায়গায় উপস্থিত থাকা ব্যক্তিদের সম্পর্কেও তারা তথ্য জানতে চাইবে।  
এটাকে বলা হয় কন্ট্যাক্ট ট্রেসিং। এনএসডাব্লিউ স্বাস্থ্য বিভাগ থেকে যারা ফোন কল করে তাদের কন্ট্যাক্ট ট্রেসার বলা হয়।

### প্রথম ধাপ

যদি এমনটা হয় যে কারো COVID-19 ধরা পরেছে আর আপনি তার সাথে একই জায়গায় উপস্থিত ছিলেন, তাহলে এনএসডাব্লিউ স্বাস্থ্য বিভাগের একজন কন্ট্যাক্ট ট্রেসার আপনাকে ফোন করবে।



ফোন কলটি একটি প্রাইভেট নাম্বার থেকে আসবে, তাই দয়া করে কলটিকে গ্রহণ করুন।




আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয়, তাহলে কন্ট্যাক্ট ট্রেসারকে বলুন যে আপনার একজন দোভাষীর প্রয়োজন।  
দোভাষী বিনামূল্যে পাওয়া যায় এবং আপনাকে কোন মূল্য দিতে হবে না।



### দ্বিতীয় ধাপ

কন্ট্যাক্ট ট্রেসার আপনার সাথে কথা বলবেন আর জানতে চাইবেন যে আপনি কেমন বোধ করছেন।  
তারা আপনাকে আপনার সম্পর্কে প্রশ্ন করবে।  
এই তথ্য গোপন রাখা হবে।



## কন্ট্যাক্ট ট্রেসিং (মেলামেশা করার সূত্র খুঁজে বের করার)-এর ধাপসমূহ

কন্ট্যাক্ট ট্রেসার আপনাকে বলবে যে আপনাকে কি নিয়ম-কানুন মেনে চলতে হবে।



এছাড়াও নিজেকে বিচ্ছিন্ন করে রাখতে হবে। এর মানে হচ্ছে আপনি বাড়িতে থাকবেন তবে অন্যদের কাছ থেকে দূরে থাকবেন।



এছাড়াও কন্ট্যাক্ট ট্রেসার জিজ্ঞাস করবে আপনার বাড়িতে পর্যাপ্ত খাদ্য এবং ওষুধ আছে কিনা।



### তৃতীয় ধাপ

আপনি কেমন বোধ করছেন তা জানার জন্য যখন আপনি বাড়িতে থাকবেন তখন কন্ট্যাক্ট ট্রেসার আপনাকে কল বা মেসেজ করবে।



কন্ট্যাক্ট ট্রেসার আপনাকে বলবেন যে আপনি কখন আবার আপনার বন্ধু এবং পরিবারকে দেখতে পারবেন।

